বৈশ্বিক মন্দার বিপরীতে আর্থিক খাতে স্থিতিশীলতা রক্ষা ছিল কেন্দ্রীয় ব্যাংকের প্রধানতম চ্যালেঞ্জ। এই স্থিতিশীলতা রক্ষার ধারাবাহিকতায় বেসরকারী আর্থিক প্রতিষ্ঠানের লোভসুবিধা বা স্খািবয়ন ছিল অন্যতম। বৈদেশিক মুদ্রার বিনিময় মূল্য নির্ধারণে স্থিতাবস্থা বজায় রাখায় বৈদেশিক মুদ্রার সরবরাহ স্বাভাবিক ছিল। ২০০৯ সা লে টাকার মান বেড়েছে ০.৩০% যা ২০০৮ সা লে অবমূল্যায়ন হয়েছিল ০.৬০%। আমানতের উপর ব্যয় হার ছিল ৪% থেকে ১৩% অপরদিকে বিনিয়োগের উপর মুনাফা হার ছিল ৭% থেকে ১৯%।

### ব্যালেন্স অব পেমেন্ট

২০০৬ সা ল থেকে চলতি হিসাবের ধনাত্মক স্থিতির ধারাবাহিকতা ২০০৯ সা লেও বজায় ছিল। ২০০৯ সা লে উক্ত স্থিতির পরিমাণ দাঁড়ায় ২,৫৩৬ মিলিয়ন মার্কিন ডলার যা ২০০৮ সা লে ছিল ৬৮০ মিলিয়ন মার্কিন ডলার। এই ধনাত্মক স্থিতির কারণের মধ্যে রয়েছে বৈদেশিক রেমিটেন্সের আশ্রয়: প্রবাহ বৃদ্ধি ও অপেক্ষাকৃত কম আমদানী। ২০০৮ সা লের তুলনায় উক্ত হিসাবে স্থানান্তরিত ১,৬৯৭ মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি পেয়ে ১০,২২৬ মিলিয়ন মার্কিন ডলার হয় এবং আমদানী ৬২২ মিলিয়ন মার্কিন ডলার কমে ৪,৭০৮ মার্কিন ডলার হয় যার প্রধানতম কারণ হলো রপ্তানী বৃদ্ধি ও আমদানী হ্রাস।

২০০৯ সা লে সেবা খাতে ঘাটতি ১,৬২১ মিলিয়ন মার্কিন ডলার যা ২০০৮ সা লে ছিল ১,৫২৫ মিলিয়ন মার্কিন ডলার। বছরভূমির ভিত্তিক ৩৬৭ মিলিয়ন মার্কিন ডলার উদ্ধৃতির মধ্যে পেমেন্ট থেকে ১২২ মিলিয়ন মার্কিন ডলার এবং আয় খাত থেকে ২৪৫ মিলিয়ন মার্কিন ডলার।

অপরদিকে মূলধন হিসাবে উদ্ধৃতি দাঁড়ায় ৪৫১ মিলিয়ন মার্কিন ডলার যা ২০০৮ সা লে ছিল ১২৫ মিলিয়ন মার্কিন ডলার। আর্থিক হিসাব খাত ৮০৮ মিলিয়ন মার্কিন ডলার ঘাটতি ছিল যা ২০০৮ সা লে ছিল ৩৫১



মিলিয়ন মার্কিন ডলার। আর্থিক হিসাবে বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগ ১৯৩ মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি পেয়ে ৯৪১ মিলিয়ন মার্কিন ডলার হয়। অপর পক্ষে পোর্টফলিও বিনিয়োগ হ্রাস পায় ২০৬ মিলিয়ন মার্কিন ডলার। এসব খাতের উন্নয়ন ব্যালেন্স অব পেমেন্ট স্থিতি বৃদ্ধি পেয়ে হয় ২,০৫৮ মিলিয়ন মার্কিন ডলার যা ২০০৯০৮ সা লে ছিল ৩৩১ মিলিয়ন মার্কিন ডলার।

### রপ্তানী

২০০৯ অর্থ বছরে রপ্তানী আয় অর্জিত হয় ১৫,৫৫৫ মিলিয়ন মার্কিন ডলার (মোট দেশজ উৎপাদনের ১৭.৪০%) যা ২০০৯০৮ সা লে ছিল ১৪,১১১ মিলিয়ন মার্কিন ডলার (মোট দেশজ উৎপাদনের ১৭.৭%)। এ খাতে ২০০৯ সা লের প্রবৃদ্ধি ১০.৩০% যা ২০০৯০৮ সা লে ছিল ১৫.৮০%। বিগত কয়েক বছরে রপ্তানী আয় উল্লেখযোগ্যভাবে কম হওয়ার জন্য বিশ্ব অর্থনীতিতে মন্দাভাব ও কতিপয় আন্তর্জাতিক কারণ বিদ্যমান ছিল। রপ্তানীতে নীটওয়ার খাতের অবদান সর্বাধিক ৪১.১০% এরপর গার্মেন্টস খাতে ৩৮.২০%, হিমায়িত খাদ্য ৩.০০%, পটজাত দ্রব্য ১.৭০%, চামড়া জাত দ্রব্য ১.২%, গৃহবস্ত্র ২.১০%, রাসায়নিক দ্রব্য ১.৮০%, কাঁচা পট দ্রব্য ০.৯৫%।

### আমদানী

২০০৯ সা লে আমদানী ব্যয় ছিল ২২,৫০৭ বিলিয়ন মার্কিন ডলার (মোট দেশজ উৎপাদনের ২৫.২%) যা ২০০৯০৮ সা লে ছিল ২১,৪৪৪ মিলিয়ন মার্কিন ডলার (মোট দেশজ উৎপাদনের ২৭.২%)। এ খাতে ২০০৯ সা লে প্রবৃদ্ধি ৪.১% যা ২০০৯০৮ সা লে ছিল ২৬.১%। খাদ্যশস্য আমদানী কম হওয়ায় মোট আমদানী অপেক্ষাকৃত কম হয়েছে। খাদ্যশস্য আমদানী ২০০৯ সা লে ছিল ১১.৭% যা ২০০৯০৮ সা লে ছিল ১৬.১%।

২০০৯ সা লে আমদানীকৃত পণ্যের মধ্যে পেট্রোল ও পেট্রোলিয়াম দ্রব্য ছিল ১২.৪, বস্ত্রশিল্প ৯.২%, মূলধনী যন্ত্রপাতি ৬.৩%, স্টীল ও অন্যান্য ধাতব পদার্থ ১২.৪%, কাঁচাতুলা ৫.৭%, রাসায়নিক দ্রব্য ৪.২%, সুতা ৩.৫%, অপরিশোধিত তৈল ৪%।

২০০৯ সা লে আমদানীকৃত পণ্যের মধ্যে ছিল পেট্রোল ও পেট্রোলিয়াম জাত দ্রব্য ১২.১%, বস্ত্রশিল্প ৯.১%, মূলধনী যন্ত্রপাতি ৮%, লৌহ, স্টীল ও অন্যান্য পদার্থ ৯.১%, কাঁচাতুলা ৫.৮%, রাসায়নিক দ্রব্য ৩.৯০%, সার ৩.১%, খাদ্যদ্রব্য ৭.৭% এবং অপরিশোধিত তৈল ৪.৭%।

### রেমিটেন্স

আর্থিক সম্পদের মধ্যে দেশের বাহিরে কর্মরত বাংলাদেশীদের প্রেরিত অর্থের পরিমাণ ২০০৯ সা লে ছিল ৯,৬৮৯ মিলিয়ন মার্কিন ডলার (মোট দেশজ উৎপাদনের ১০.৪%) যা ২০০৯০৮ সা লে ছিল ৭,৯১৫ মিলিয়ন মার্কিন ডলার (মোট দেশজ উৎপাদনের ৯.৯%)। এক্ষেত্রে প্রবৃদ্ধি হয়েছে ২২.৪% যা ২০০৯০৮ সা লে ছিল ৩২.৪%।

### বৈদেশিক সাহায্য

২০০৯ মোট বৈদেশিক সাহায্যের পরিমাণ ছিল ২,২০১ মিলিয়ন মার্কিন ডলার যা ২০০৯০৮ ছিল ২,৫৩৮ মিলিয়ন মার্কিন ডলার। এক্ষেত্রে ২০০৯ সা লে হ্রাস পায় ১৩.৩% যা ২০০৯০৮ সা লে প্রবৃদ্ধি ছিল ৫৫.৯%। সাহায্যের মধ্যে ৭১৬ বিলিয়ন ছিল অনুদান এবং ১,৪৮৫ বিলিয়ন ছিল ঋণমঞ্জুরী। এক্ষেত্রে অনুদান ১১.৬% বৃদ্ধি পেলেও ঋণমঞ্জুরী খাতে ২২.১% হ্রাস পায়। যা ২০০৯০৮ অর্থ বছরে অনুদান ও ঋণমঞ্জুরী যথাক্রমে ১০৪.৭% ও ৪৪.৪% বৃদ্ধি পেয়েছিল। মোট বৈদেশিক সাহায্য ১৮.৬%

হ্রাস পায় যা ২০০৯০৮ সা লে ৭৯.৮% প্রবৃদ্ধি ছিল। বৈদেশিক ঋণ পরিশোধের হার ২% বৃদ্ধি পেয়েছে যা ২০০৯০৮ সা লে ছিল ১০.৭%।

### বৈদেশিক মুদ্রার রিজার্ভ

২০০৯ সালের শেষে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক হার রিজার্ভ বৃদ্ধি পেয়ে ২১.৫% যা ১,৩২২ মিলিয়ন মার্কিন ডলার থেকে ৭,৪৭১ মিলিয়ন মার্কিন ডলার দাঁড়িয়েছে যা ৩.৯ মাসের আমদানীর মূল্য পরিশোধের সমপরিমাণ। ২০০৮ সালে জুন মাসে উহা ছিল ৩.৫ মাসের আমদানী ব্যয় ৬,১৪৯ মিলিয়ন মার্কিন ডলার পরিশোধের সমপরিমাণ।

### মূল্য পরিস্থিতি

২০০৯ অর্থ বছরের শুরুতে ভোজ্য মূল্য সূচক উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায় খাদ্য দ্রব্যের মূল্য বৃদ্ধির কারণে। নভেম্বর থেকে উহা কমেতে শুরু করে যা বছর শেষে ৭.১৯% উপনীত হয়। খাদ্য ব্যতীত অন্যান্য পণ্যের মূল্য সামান্য হ্রাস পায় যা ০.৪১% থেকে জুন মাসে ৫.৯১% দাঁড়ায়। আন্তর্জাতিক বাজারে উভয় কারণেই ২০০৯ সা লে মুদ্রাস্ফীতি দ্রুত হ্রাস পায়। এর মধ্যে অন্যতম কারণ ধানের বাস্পার উৎপাদন, আন্তর্জাতিক বাজারে কাঁচামালের মূল্য হ্রাস, বৈদেশিক মুদ্রার বিনিময় হারের স্থিতি অবস্থা, অধিকন্তু প্রসাশনিক মূল্য সমন্বয়। ২০০৯ অর্থ বছরে ভোজ্য মূল্য সূচক (সিপিআই) ৬.৬৬% বৃদ্ধি পায় যা ২০০৯০৮ সা লে ছিল ৯.৯৪%। বার্ষিক পয়েন্টমুপ য়েন্ট মুদ্রাস্ফীতি ছিল ২.২৫%, ৭.৭৯% কম ছিল বিগত বছরের ১০.০৪% থেকে। খাদ্য দ্রব্যের মূল্য মুদ্রাস্ফীতির প্রধান কারণ ছিল, ২০০৯ সা লে ছিল ৬৩% যা বিগত বছরে ছিল ৭৩%।

### সরকারী অর্থ ব্যবস্থা

২০০৯ অর্থ বছরে বাজেট ঘাটতি ছিল ২০০ বিলিয়ন বা মোট দেশজ উৎপাদনের ৩.২% যা ২০০৯০৮ সা লে ছিল ২৮৭ বিলিয়ন বা মোট দেশজ উৎপাদনের ৫.৪%। বাজেট ব্যয় ২% কম এবং রাজস্ব আয় ০.১৬% বেশি আদায় হওয়ায় বাজেটের পারফরমেন্স কাঙ্ক্ষিত মাত্রার চেয়ে বেশী ছিল। ফলস্বরূপ সরকারী সঞ্চয় ছিল মোট দেশজ উৎপাদনের ০.৩৩% যা ২০০৯০৮ সা লে ছিল ০.৫০%। মোট সরকারী ব্যয় ছিল মোট দেশজ উৎপাদনের ১৫.৩% যা ২০০৯০৮ সা লে ছিল ১৭.৩%। ফলে উন্নয়ন ব্যয় দাঁড়িয়েছে দেশজ উৎপাদনের ৩.৭% যা ২০০৯০৮ সা লে ছিল ৪.১%।

২০০৯ অর্থ বছরে মোট রাজস্ব বৃদ্ধি পেয়েছে মোট দেশজ উৎপাদনের ১১.২০% যা ২০০৯০৮ সা লে ১১.১% এবং কর বনাম দেশজ উৎপাদনের হার ৪.৪% হতে ৯% দাঁড়িয়েছে। ২০০৯ সা লের ৩.২% বাজেট ঘাটতি বহি: উৎস থেকে মোট দেশজ উৎপাদনের ০.৯% ভাগ এবং আন্তর্জাতিক বাজারে ব্যাংকিংখাত থেকে মোট দেশজ উৎপাদনের ১.৭% এবং সরকারী হিসাব থেকে ০.৬% যোগান দেওয়া হয়।

### বাজেট ২০০৯-২০১০

২০০৯-২০১০ অর্থ বছরে রাজস্ব আয় ১১,৫১৬ মিলিয়ন মার্কিন ডলার এবং রাজস্ব ব্যয় ১১,১৯৫ মিলিয়ন মার্কিন ডলার প্রক্ষেপণ করা হয়। ২০০৯ সালের সংশোধিত বাজেটে রাজস্ব আয় ছিল ১০,০৫৫ মিলিয়ন মার্কিন ডলার এবং রাজস্ব ব্যয় ৯,৭৫৭ মিলিয়ন মার্কিন ডলার। ২০০৯ সা লে মোট রাজস্ব উদ্ধৃতি ধরা হয় ৩২১ মিলিয়ন মার্কিন ডলার ২০০৯ সা লে এডিপি প্রক্ষেপণ করা হয় ৪,৪২০ মিলিয়ন মার্কিন ডলার যা ২০০৯ সা লে ছিল ৩,৩৪৩ মিলিয়ন মার্কিন ডলার থেকে প্রবৃদ্ধি ছিল ৩২.২%। ২০০৯ সা লে কাঙ্ক্ষিত বাজেট ঘাটতি ধরা হয় ৪,২৩৬ মিলিয়ন মার্কিন ডলার যা

জিডিপি ৪.২%। ২০০৯১০ অর্থ বছরে বাজেটের প্রধান প্রধান রাজস্ব আয়ের প্রস্তাবিত খাতগুলো হচ্ছে : ভ্যাট ৩,৩১৩ মিলিয়ন মার্কিন ডলার, আমদানী শুল্ক ১,৫১৬ মিলিয়ন মার্কিন ডলার, আয়কর ও মুনাফা থেকে ২,৪০৭ মিলিয়ন মার্কিন ডলার, সম্পূরক শুল্ক ১,৫২৫ মিলিয়ন মার্কিন ডলার যা বিগত বছর থেকে যথাক্রমে ১০.০০%, ৮.৭%, ২২%, ১৪.৬% বেশী।

বাজেট রাজস্ব ব্যয়ের প্রধান খাতগুলো হলো জনসেবা ২,৪৩২ বিলিয়ন মার্কিন ডলার, সুদ ২,২৯৮ মিলিয়ন মার্কিন ডলার, শিক্ষা এবং প্রযুক্তি ১,৪৯৪ মিলিয়ন মার্কিন ডলার। সামাজিক নিরাপত্তা ও সামাজিক উন্নয়ন ১,০৪৫ মিলিয়ন মার্কিন ডলার, প্রতিরক্ষা ৯৮৭ মিলিয়ন মার্কিন ডলার, কৃষি ৯৫৬ মিলিয়ন মার্কিন ডলার। জননিরাপত্তা ৮১৩ মিলিয়ন মার্কিন ডলার, স্বাস্থ্য ৫৬৮ মিলিয়ন মার্কিন ডলার, যোগাযোগ এবং পরিবহন ৩৮৩ মিলিয়ন মার্কিন ডলার যা বিগত বছরের তুলনায় ছিল যথাক্রমে ৯৬%, ১৮.৪%, ৯.৯%, ২০.১%, (২%) (২২.১.), (০.৪%), ৮.৭% এবং (২.৭%)।

২০০৯১০ সা লের বাজেট উন্নয়নের প্রধান প্রধান খাতগুলো হলো স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন, ১,০৩৯ মিলিয়ন মার্কিন ডলার, পরিবহন ও যোগাযোগ ৬৯৮ মিলিয়ন মার্কিন ডলার। জ্বালানী ও শক্তি ৬২২ মিলিয়ন মার্কিন ডলার, শিক্ষা ও প্রকৌশল ৫৯৭ মিলিয়ন মার্কিন ডলার, স্বাস্থ্য ৪৪৭ মিলিয়ন মার্কিন ডলার, কৃষি ৩৪৫ মিলিয়ন মার্কিন ডলার, সামাজিক নিরাপত্তা ও কল্যাণে ২৪৬ মিলিয়ন মার্কিন ডলার যা বিগত বছরের তুলনায় যথাক্রমে ২২.৪%, ৮৭.৪%, ৪৮.৩%, ২৭.৭%, ১৭.২%, ১৮.২% এবং ৫.৭% বেশী।

#### বাংলাদেশ অর্থনীতি : নিকট ভবিষ্যৎ

বিশ্ব অর্থনীতি পুনরুদ্ধারের পূর্ভাবাস দেখিয়ে স্থির হওয়া শুরু করলেও মন্দার তৃতীয় ধাক্কা বাংলাদেশের অর্থনীতিতে প্রভাব পড়ার আশংকায় মধ্যমেয়াদী অর্থনৈতিক পূর্বানুমান নিম্নমুখী কিছু সংশোধনীর প্রয়োজনীয়তা দেখা দেয়। হাল নাগাদ মধ্যমেয়াদী ব্যাষ্টিক অর্থনৈতিক অবকাঠামোতে প্রকৃত জিডিপি প্রবৃদ্ধি ২০১০ অর্থবছরে রক্ষণশীলভাবে ৫.৫ থেকে ৬.০ শতাংশে প্রাক্কলন করা হলেও দ্রুত বিশ্ব অর্থনৈতিক পুনরুদ্ধারের সাথে সরকারী ও বেসরকারী অংশগ্রহণে (PPP) বিনিয়োগ পরিকল্পনা বাস্তবায়ন ২০১০ অর্থবছরের প্রবৃদ্ধির প্রাক্কলন হারকে অতিক্রম করতে পারে। ২০১১ অর্থবছরে অর্থনৈতিক প্রবৃদ্ধি ৬.০ শতাংশে এবং ২০১২ অর্থবছরে ৬.৫ শতাংশে উন্নীত হওয়ার আশা করা হচ্ছে। টেকসই সামষ্টিক অর্থনৈতিক স্থিরতা শিল্প ও সেবা খাতের ধনাত্মক প্রবৃদ্ধিসহ SME এর দ্রুত সম্প্রসারণ, উন্নত কৃষি উৎপাদন ও বৈচিত্র্য করে জোর প্রদানের মাধ্যমেই এই পূর্বানুমান অর্জন করা সম্ভব। মোট অভ্যন্তরীণ বিনিয়োগ ক্রমাগতভাবে ২০১০ অর্থবছরে হতে ২০১২ অর্থবছরে ২৩.৬ শতাংশ হতে ২৫.৬ শতাংশে প্রাক্কলন করা হয়েছে যদি প্রাক্কলিত শিল্প ও বিনিয়োগ বাস্তব অর্থনৈতিক নীতি ও কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন করা হয়, যা দেশের অর্থনীতিতে বর্ধিত কর্মসংস্থানের সুযোগ করবে এবং ফলশ্রুতি না বাড়িয়ে সর্বোচ্চ টেকসই প্রবৃদ্ধি নিশ্চিত করে তবে মুদ্রাস্ফীতির হার ২০১০ অর্থবছরে ৬.৫ শতাংশে ও ২০১২ অর্থবছরে ৬.০ শতাংশে প্রাক্কলন করা হয়েছে। গ্রন্থ সাপোর্টিভ পলিসি অনুযায়ী প্রাক্কলিত cpi মুদ্রাস্ফীতি, ব্রডমানি ক্রমাগতভাবে কমে ৬.০ শতাংশে নেমে যাওয়ার ধারণা করা হচ্ছে। এ ব্যাপারে বাংলাদেশ ব্যাংক এর মুদ্রানীতি জুলাই ২০০৯ বিবরণীতে ব্রডমানির প্রবৃদ্ধি ২০১০ অর্থবছরের জন্য ১৫.৫ শতাংশে সংশোধন করা হয়েছে। MTMF পূর্বানুমান করে যে, সরকারী অর্থব্যবস্থা সামষ্টিক অর্থনৈতিক স্থিরতা ও আর্থিক অগ্রগতি এবং (M2) অর্থনৈতিক প্রবৃদ্ধি সহনশীল উচ্চতায় তুলে ধরতে অবকাঠামো ও মানবসম্পদে বিনিয়োগ

সুযোগ সৃষ্টি করার মানসে তৈরি করা হয়েছে। রাজস্বজিডিপি অনুপাত ২০১০ অর্থবছরে ১১.২ শতাংশ এবং ২০১২ অর্থবছরে ১১.৫ শতাংশে অনুমান করা হয়েছে যদি রাজস্ব বৃদ্ধি ও নীতির চলমান সংস্কার প্রক্রিয়া অব্যাহত থাকে। ভ্যাট ও আয়করের আওতা সম্প্রসারণ, কর ব্যবস্থার আধুনিকীকরণ ও যুক্তিযুক্তকরণ, কর আহরণ পদ্ধতির বিকেন্দ্রীকরণ সরকারের রাজস্ব নীতির প্রধান উপাদান যা রাজস্বজিডিপি অর্থ বছরে ১৬.২ শতাংশে কমিয়ে প্রাক্কলন করা হয়েছে। সরকারী ব্যয়ে দক্ষতা ও সততা বাড়ানোর লক্ষ্যে উন্নয়ন অংশীদারদের সমর্থনে সরকার স্ট্রাকচারিক ভিশন ফর পাবলিক ফাইন্যান্স ম্যানেজমেন্ট (PFM) দ্রুত বাস্তবায়ন করবে। ফলস্বরূপ সার্বিক বাজেট ঘাটতি ২০১০ অর্থবছরে জিডিপি ৫.০ শতাংশ হতে কমে ২০১২ অর্থবছরে ৪.৭ শতাংশে প্রাক্কলন করা হয়েছে। বর্ধিষ্ণুর সাথে ২০১০ থেকে ২০১২ অর্থবছরে রপ্তানী প্রবৃদ্ধি হার ১২.৫ থেকে ১৮.৫ শতাংশে উন্নীত করে প্রাক্কলন করা হয়েছে। চলতি হিসাবের স্থিতি ২০১০ অর্থবছরে জিডিপি ০.২ শতাংশ হতে কমে ২০১২ অর্থবছরে ০.৪% শতাংশে দাঁড়াবে।

মিডিয়াম টার্ম ব্যাষ্টিক অর্থনীতিতে কতিপয় স্বল্প ও মধ্যমেয়াদী ঝুঁকি বিদ্যমান রয়েছে যার কারণ:

- ১। রপ্তানী ও বিদেশে কর্মরত শ্রমিকদের প্রেরিত রেমিটেন্সের উপর বিশ্ব অর্থনীতির বিরূপ প্রভাব।
- ২। মন্দা কবলিত উন্নত ও উন্নয়নশীল দেশ থেকে অব্যাহতভাবে শ্রমিক ফেরত আসা।
- ৩। বিনিয়োগ স্থবিরতা।
- ৪। অভ্যন্তরীণ মুদ্রাস্ফীতির ঝুঁকি ও বিশ্ব অর্থনীতির মন্দাভাব দ্রুত প্রস্থান।
- ৫। অবকাঠামোগত প্রতিবন্ধকতা।
- ৬। বন্যা ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তন।

#### ব্যাংকিং খাতে উন্নয়ন

দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকিং খাত মূল চালিকা শক্তি। বিনিয়োগ বৃদ্ধি, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি তথা জাতীয় প্রবৃদ্ধির উচ্চ হার অর্জনে ব্যাংকিং খাতের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। ৪টি সদ্য পরিণত লিঃ কোঃ রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক, ৫টি বিশেষায়িত ব্যাংক, ৩০টি বেসরকারী ব্যাংক ও ৯টি বিদেশী ব্যাংকসহ মোট ৪৮টি ব্যাংক দেশে কাজ করছে। প্রায় ২,৫৬১.৪০ বিলিয়ন টাকা আমানত, ৩,৩১৩.৫০ বিলিয়ন টাকা বিনিয়োগ, ৪২ মিলিয়ন আমানতকারী এবং ৯.৭ মিলিয়ন ঋণ/বিনিয়োগ গ্রহীতার সমন্বয়ে পরিচালিত হচ্ছে দেশের ব্যাংকিং সেক্টর। উন্নয়ন কর্মকাণ্ডে ব্যাংকিং খাতের অধিকতর এবং কার্যকর ভূমিকা পালনের নিশ্চয়তা পালনের লক্ষ্যে ব্যাপক সংস্কার কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

দেশের আর্থিক সেক্টরে গুরুত্বপূর্ণ উন্নতি সাধিত হয়েছে। বিশেষ করে ব্যাংকিং খাতে রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকগুলির ভূমিকা হ্রাস, প্রতিযোগিতা বৃদ্ধি, সরকারি নিয়ন্ত্রণ কমানো, নিয়ন্ত্রণ বিধি এবং পর্যবেক্ষণ ব্যবস্থা জোরদারকরণ, সঞ্চিতির মানোন্নয়ন ইত্যাদি পরিবর্তন সূচিত হয়েছে।

- ১। বহিঃ ক্রেডিট রেটিং কোম্পানী নির্বাচন এবং রেটিং সম্পর্কিত গাইড লাইন বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যু করা হয়েছে। ব্যাসেল ২ গাইড লাইনের আওতায় স্ট্যান্ডারাইজড এ্যাপ্রোচের বহিঃ ক্রেডিট রেটিং এজেন্সী ঝুঁকি ভিত্তিক বিনিয়োগ নির্ধারণ করবে যা বাংলাদেশ ব্যাংক

কর্তৃক স্বীকৃত হতে হবে। সকল বাণিজ্যিক ব্যাংক সমূহকে এবং তাদের কাউন্টার পার্টিকে রেটিং করানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত নীতিমালা গাইড লাইনে উল্লেখ আছে। আগ্রহী ক্রেডিট রেটিং এজেন্সি থেকে আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক থেকে তাদেরকে অনুমোদন দেয়া হবে।

- ২। কৃষি বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করানোর লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :
  - (ক) সকল তফসীলি ব্যাংককে (বেসরকারী ও বৈদেশিক) কৃষি বিনিয়োগে অংশগ্রহণ করতে হবে।
  - (খ) বছরের শুরুতেই সকল ব্যাংককে কৃষি বিনিয়োগে লক্ষ্য মাত্রা নির্ধারণ করে বাংলাদেশ ব্যাংককে অবগত করতে হবে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ব্যাংক সমূহকে কার্যকরী মনিটরিং ব্যবস্থা বজায় রাখা হবে।
  - (গ) ইতোমধ্যে যেসকল ব্যাংক কৃষি বিনিয়োগ লক্ষ্যমাত্রা নির্ধারণ করেনি তারা পরবর্তী অর্থবছরের জন্য বিলম্ব না করে তাৎক্ষণিকভাবে প্রত্যেক ব্যাংককে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে বাংলাদেশ ব্যাংক কে অবগত করতে হবে।
  - (ঘ) বাংলাদেশ ব্যাংক যদি ঐ লক্ষ্যমাত্রা সামঞ্জস্যপূর্ণ মনে না করে তবে উহা পুনরায় নির্ধারণ করে সংশ্লিষ্ট ব্যাংককে নির্দেশ প্রদান করা হবে।
  - (ঙ) কৃষি বিনিয়োগ খাত ভিত্তিক অগ্রাধিকার ভিত্তিতে বিতরণ করতে হবে।
  - (চ) যেসকল বাণিজ্যিক ব্যাংকের মফস্বল শাখা নেই বা যথেষ্ট শাখা নেই তাদেরকে এনজিও এর সহায়তায় কৃষি বিনিয়োগ বিতরণ করতে হবে।
- ৩। আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য রেখে ২০০৯ সাল থেকে সংশোধিত রেগুলেটরি ক্যাপিটাল ফ্রেম ওয়ার্ক এর আওতায় (Risk Based Capital Adequacy for Banks) বাস্তবায়নের জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। ব্যালেন্স এর পাশাপাশি উহা ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংককে রিপোর্টিং করতে হবে।
- ৪। চলমান পেমেন্ট সিস্টেম আধুনিকায়নের অংশ হিসেবে বাংলাদেশের সকল আর্থিক প্রতিষ্ঠান ও ব্যাংকসমূহকে নতুন পদ্ধতিতে পেমেন্ট নিষ্পত্তির জন্য একটি ড্রাফট রেশুলেশন করা হয়েছে যা বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইটে বিদ্যমান রয়েছে।
- ৫। রপ্তানীকে উৎসাহিত করনের জন্য বিপত বছরগুলোর ন্যায়ে চলতি বছরেও কিছু কিছু রপ্তানী পণ্যের উপর নগদ সহায়তা প্রদান করা হয়েছে। তবে তামাক জাতীয় পণ্য রপ্তানীতে কোনো নগদ সহায়তা দেয়া হয়নি। সিদ্ধান্তমত মোতাবেক নগদ সহায়তা পণ্য ভেদে ৫% ২০% পর্যন্ত প্রদান করা হচ্ছে।
- ৬। বৈদেশিক বাণিজ্য লেনদেন আধুনিকায়ন করার জন্য বৈদেশিক বাণিজ্য লেনদেন গাইড লাইন এর আওতায় চলমান লেনদেন পদ্ধতির কতিপয় সংশোধন আনয়ন করা হয়েছে।
- ৭। এশিয়ান ফ্রিয়ারিং ইউনিয়নের বোর্ড অব ডাইরেক্টর এর সিদ্ধান্তমত অনুযায়ী ২০০৯ সালের জানুয়ারী থেকে মার্কিন ডলারের পাশাপাশি ইউরোতে (Euro) লেনদেন পরিশোধ করা চালু হয়েছে। সদস্য দেশ সমূহের নিকট এ সংক্রান্ত বিস্তারিত নীতিমালা প্রেরণ করা হয়েছে।
- ৮। ১লা জুলাই ২০০৯ থেকে রপ্তানীমুখী শিল্পের সহজ বিকাশের লক্ষ্যে সংশ্লিষ্ট শিল্পের রপ্তানী বিপরীতে কাঁচা মালের আনাদানীর ক্ষেত্রে single borrower credit সীমা ১.৫ মিলিয়ন থেকে ২.০০ মিলিয়নে বৃদ্ধি করা হয়েছে।

## ইসলামী ব্যাংকিং কার্যক্রম

জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের নিকট ইসলামী ব্যাংকিং পদ্ধতি ধীরে ধীরে গ্রহণযোগ্য হয়ে উঠছে। সারা বিশ্বে তিন শ'র উপর ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ইসলামী ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে আমাদের দেশে ৭টি ব্যাংক পূর্ণ মাত্রার ইসলামী ব্যাংকিং করছে। প্রচলিত অন্যান্য ব্যাংকেও আংশিক শরীয়াহ্ ভিত্তিক ইসলামী ব্যাংকিং পরিচালনার জন্য ইসলামী ব্যাংকিং শাখা / বিভাগ রয়েছে। সম্প্রতি বাংলাদেশ সরকার কর্তৃক ইসলামিক ইনভেস্টমেন্ট বন্ডের প্রচলন ইসলামী ব্যাংকিং পদ্ধতির একটি মাইলফলক হিসাবে বিবেচিত।

## আলআরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

ইহলৌকিক ও পারলৌকিক জীবনের সর্বাঙ্গীন সফলতাই ইসলামী জীবন ব্যবস্থার মূল লক্ষ্য। মানব জীবনের প্রতিটি ক্ষেত্রে আলকুরআন এবং রাসুলে পাক (সাঃ) এর জীবনাদর্শ অবশ্যই অনুকরণীয় এবং অনুসরণীয়। এ লক্ষ্যকে সামনে রেখে কুরআন ও সুন্নাহর ভিত্তিতে বাংলাদেশে ইসলামী ব্যাংকিং ব্যবস্থা প্রতিষ্ঠার দৃঢ় প্রত্যয় নিয়ে ১৯৯৫ সালের ১৮ জুন আলআরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ একটি পাবলিক লিমিটেড কোম্পানী রূপে নিবন্ধিত হয়। পরবর্তীতে একই বছর ২৭ সেপ্টেম্বর এই ব্যাংকের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। ব্যাংকের অনুমোদিত মূলধন ৫,০০০.০০ মিলিয়ন টাকা এবং ২০০৯ সাল পর্যন্ত পরিশোধিত মূলধন ১,৭৯৮.৯৫ মিলিয়ন টাকায় উন্নীত হয়। দেশের কতিপয় স্বনামধন্য ধর্মপ্রাণ ব্যবসায়ী এবং ইসলামী ব্যক্তিত্ব এই ব্যাংকের উদ্যোক্তা। পরিশোধিত মূলধনের পুরোটাই স্থানীয় মালিকানাধীন অর্থাৎ ১০০% মালিকানা দেশীয় শেয়ারহোল্ডারগণের।

৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে ব্যাংকের মোট ইকুইটি পরিমাণ ছিল ৩,৫৬৪.৭৩ মিলিয়ন টাকা। একই তারিখে ব্যাংকে মোট জনশক্তি ছিল ১,২৯৬ জন এবং শেয়ারহোল্ডারের সংখ্যা ছিল মোট ১১,০৮২ জন।


বছরের পর বছর এ ব্যাংক নিরন্তর মুনাফা অর্জন করে চলেছে এবং শেয়ার হোল্ডারদেরকে সন্তোষজনক লভ্যাংশ প্রদান করে আসছে। ব্যাংকের এ সাফল্যের পেছনে মূখ্য ভূমিকা পালন করেছে আধুনিক প্রযুক্তি এবং নতুন সেবাপণ্যের মাধ্যমে সর্বোত্তম গ্রাহক সেবা। গ্রাহকদের চাহিদা পূরণের জন্য ব্যাংকের আছে বহুমুখী গ্রাহকবান্ধব সেবাপণ্য।

ব্যাংক তার গতিশীল কর্নকান্ডের মাধ্যমে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। এ পর্যন্ত সারাদেশে ৬০টি শাখার মধ্যে ১৭টি এডি শাখা স্থাপনের মাধ্যমে ব্যাংক দেশের আপামর জনসাধারণের আর্থ সামাজিক উন্নতির ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম হয়েছে।

ব্যাংককে বিশ্বমানের একটি আধুনিক ইসলামী ব্যাংকিং প্রতিষ্ঠানে পরিণত করতে আমরা সংকল্পবদ্ধ। আমরা আশাবাদী এ ব্যাংকটি হবে কর্ণে তৎপর, চিন্তাশক্তি চেতনায় প্রগতিশীল, লেনদেনে সততাশ্রমী, বিচারবিবেচনায় সঠিক, মননে ভবিষ্যৎমুখী, দৃষ্টিভঙ্গিতে নিরপেক্ষ, আচরণে বিনম্র এবং গ্রাহকসেবায় নিবেদিত। আমাদের লক্ষ্যসমূহ ব্যাংকের ব্যবস্থাপনায় গতিসঞ্চালন, উন্নত প্রযুক্তি, অধিক মুনাফা অর্জন, আর্থিক ভিত্তি মজবুতকরণ এবং ব্যাংকের সুনাম বৃদ্ধিকল্পে প্রণীত। আমরা পূর্ণাঙ্গ তথ্য প্রকাশ, শরীয়াহ্ পরিপালন ও তদারককারী কর্তৃপক্ষের প্রণীত বিধিবিধান প্রতিপালনের ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। এই ব্যাংক এমন একটি কর্মতৎপর ব্যাংক যা নবসৃষ্টির উন্মেষ ঘটায়। ত্রুটিগত উন্নতিসাধন উৎসাহিত করে, দ্রুততার সাথে কার্যসম্পাদনকে মূল্যায়ন করে এবং তার কর্মী বাহিনীকে দক্ষ জনবলে রূপদান করে, যার ফলশ্রুতিতে তারা কঠোর চ্যালেঞ্জ গ্রহণ করে এবং তাকে সুযোগে পরিণত করে।

## Performance at a glance

(in Million taka)



আল্লাহ আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের অনন্য বৈশিষ্ট্য:

- ব্যাংকের সকল কার্যক্রম থেকে সুদের লেনদেন নিষিদ্ধ করে কুরআন ও সুন্নাহর আলোকে মুনাফাভিত্তিক ব্যবসা পরিচালনা করা।
- ইসলামী শরীয়াহ্ অনুমোদিত বিভিন্ন পদ্ধতি বা (Models) এর মাধ্যমে ব্যাংকের বিনিয়োগ কার্যক্রম পরিচালিত করা।
- কল্যাণমুখী ব্যাংকিং ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে স্বল্প আয়ের জনপণের জীবন মান উন্নয়ন ও বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টি করতে ব্যাংক প্রতিশ্রুতিবদ্ধ।
- সমাজ তথা সামগ্রিকভাবে দেশের প্রয়োজনে ব্যাংক বিভিন্ন হালাল ব্যবসায়ে অর্থায়ন করে, কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে এবং সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে অবকাঠামোগত উন্নয়নে অবদান রাখছে।
- সামাজিক সুবিচার এবং সম্পদের সুষম বন্টনের মাধ্যমে ব্যাংক একটি কল্যাণমুখী অর্থনৈতিক ব্যবস্থা প্রবর্তনে অঙ্গীকারবদ্ধ। ক্ষুদ্র ঋণ কার্যক্রমের মাধ্যমে অনুন্নত গ্রামীণ এলাকার আর্থসামাজিক উন্নয়নেও ব্যাংক প্রতিশ্রুতিবদ্ধ।
- আমানতকারীগণ ব্যাংকের বিনিয়োগকৃত আয়ের অংশীদার। বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফার শতকরা ৭০ ভাগ ব্যাংকের সকল মুদারাবা জমাকারীদের মধ্যে বন্টন করা হয়।
- ব্যাংকের সকল কর্মচারী ও কর্মকর্তার মধ্যে ইসলামী মূল্যবোধ এবং প্রতিষ্ঠানিক মনোভাব সৃষ্টির মাধ্যমে গ্রাহকদের জন্য উন্নত সেবা নিশ্চিত করা।
- অর্থনৈতিক কর্মকাণ্ডের পাশাপাশি জনকল্যাণকর কর্মকাণ্ডে অংশগ্রহণ, আল্লাহ আরাফাহ্ ইংলিশ মিডিয়াম মাদ্রাসা ও গণগ্রন্থাগার পরিচালনা এ সকল কার্যক্রমের মধ্যে অন্যতম।

## শরীয়াহ্ সুপারভাইজরী কমিটির কার্যক্রম ২০০৯

আল্লাহামদুলিল্লাহ! আল আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড এর যাবতীয় কার্যক্রম ইসলামী শরীয়াহ্ মোতাবেক তথা কুরআন, সুন্নাহ্, ইজমা ও

ইজতেহাদের ভিত্তিতে পরিচালিত হচ্ছে কিনা তা সুনিশ্চিত করার জন্য বাংলাদেশ ব্যাংকের দিকনির্দেশনা অনুযায়ী ফিকহুল মুয়ামালাত (ইসলামী বাণিজ্যিক আইন) বিষয়ে বিশেষজ্ঞ ৬ জন সদস্য নিয়ে বর্তমান শরীয়াহ্ সুপারভাইজরী কমিটি (শরীয়াহ্ কাউন্সিল) গঠিত।

আল্লাহ সুবহানাহ্ ওয়া তা'আলা অশেষ মেহেরবানীতে ব্যাংকের যাবতীয় কার্যক্রম শরীয়াহ্ সম্মতভাবে পরিচালনার লক্ষ্যে শরীয়াহ্ সুপারভাইজরী কমিটি আলোচ্য বছরে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হয়েছে। শরীয়াহ্ সুপারভাইজরী কমিটির সম্মানিত সদস্যগণ ২০০৯ ইসলামী সালে ৫টি সাধারণ সভা, ১টি জরুরি সভায় মিলিত হয়ে বোর্ড ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত বিষয়গুলোসহ ব্যাংকের বিভিন্ন কার্যবলী পর্যালোচনা করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে শরীয়াহ্ সংশ্লিষ্ট প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও শরীয়াহ্ সুপারভাইজরী কমিটি সকল সভায় ব্যাংকের সকল যাবতীয় কার্যক্রমে যথাযথভাবে শরীয়াহ্ পরিপালন ও গ্রাহকসেবার মান বৃদ্ধিকরণে সর্বাত্মক প্রচেষ্টা চালাতে ব্যাংকের সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

ব্যাংকের শাখাসমূহে দৈনন্দিন ব্যাংকিং কার্যক্রম শরীয়াহ্ নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে শরীয়াহ্'র সচিবসহ মুরাক্বিবগণ আলোচ্য বছরে ব্যাংকের ৬০টি শাখার মধ্যে সবকটি শাখা পরিদর্শন শেষে কমিটিতে বিস্মারিত রিপোর্ট পেশ করে শরীয়াহ্ সম্পৃক্ত কিছু ত্রুটিবিহীন যতি চিহ্নিত করেন এবং বিভিন্ন শাখার অর্জিত আয়ের উপর সন্দেহজনক আয় হিসেবে মোট ১৬.৭১ মিলিয়ন টাকা চিহ্নিত করেন। এছাড়াও ব্যালেন্স শীট নিরীক্ষা করে ব্যাংকের বিভিন্ন শাখা থেকে আদায়কৃত ক্ষতিপূরণ হিসেবে মোট ৪৬.৯২ মিলিয়ন টাকা, ফরেন ক্রেডিটস ব্যাংকিং এর NOSTRO A/C হতে প্রাপ্ত সুদ হিসেবে ১.৩৫ মিলিয়ন টাকা ও বাংলাদেশ ব্যাংকের FC Clearing Account হতে প্রাপ্ত সুদ হিসেবে ০.৪০ মিলিয়ন টাকা এবং সুদী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের শেয়ার ট্রান্সফার হতে অর্জিত সন্দেহজনক আয় হিসেবে ১০.১৯ মিলিয়ন টাকা চিহ্নিত করেন। ফলে ২০০৯ ইসলামী সালের ব্যাংকের মোট সন্দেহজনক আয় (Doubtful Income) হিসেবে ৭৫.৫৮ মিলিয়ন টাকা ব্যাংকের মূল আয় থেকে পৃথক করে ট্যাক্স বাদে তা শরীয়াহ্ নির্ধারিত পন্থায় খরচের

সিদ্ধান্তসহ ব্যাংকের বার্ষিক ব্যালেন্স শীট চূড়ান্তকরণের পরামর্শ দেন।

উল্লেখ্য যে, আল্লাহর আরাফাহ্ ইসলামী ব্যাংক শরীয়াহ সুপারভাইজরি সচিবালয়ে কুরআন, হাদীস, ফিকহ, ইসলামী অর্থনীতি ও ইসলামী ব্যাংকিং বিষয়ে প্রায় অর্ধশতকোর্স, মৌলিক ও প্রাথমিক গ্রন্থের একটি সমৃদ্ধ লাইব্রেরি রয়েছে। শরীয়াহ সুপারভাইজরি কমিটির সম্মানিত সদস্য ও মুরাক্বিবগণ এসব বই থেকে তথ্য ও উপাত্ত সংগ্রহ করে শরীয়াহ নীতিমালার ভিত্তিতে ব্যাংক পরিচালনায় দিক নির্দেশনা দিয়ে থাকেন। আল্লাহতা'য়ালার আমাদের যাবতীয় কাজ তার সন্তুষ্টির জন্য করার তাওফীক দান করুন, আমীন।

### পূঁজিবাজারে অবস্থান

১৯৯৮ সালে ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হওয়ার পর পূঁজিবাজারে ব্যাংকের শেয়ার বরাবরই শক্ত অবস্থানে ছিল। ২০০৯ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জে অত্র ব্যাংকের ১০০.০০ টাকা অভিহিত মূল্যের শেয়ার সর্বোচ্চ ৫৬০.০০ টাকায় কেনাবেচা হয়েছে। ২০০৯ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত প্রতিমাসের শেষ কর্মদিবসে ঢাকা স্টক এক্সচেঞ্জে লিঃ এ ব্যাংকের শেয়ারের বাজার মূল্যের একটি পরিসংখ্যান তালিকায় উপস্থাপন করা হলো :

শেয়ারের মূল্য তালিকা

মাস	প্রারম্ভিক	সর্বোচ্চ	সর্বনিম্ন	সমাপ্তি
জানুয়ারি	৪৩৩.০০	৪৪৪.৫০	৩৭১.৫০	৩৮৩.২৫
ফেব্রুয়ারি	৩৮৮.২৫	৩৯৫.০০	৩৪৩.২৫	৩৬৬.৩০
মার্চ	৩৬৩.৭৫	৪৪০.০০	৩৪৫.০০	৩৫৬.০০
এপ্রিল	৩৫২.০০	৪৫৯.০০	৩২০.০০	৪২৮.০০
মে	৪২৮.০০	৪৪৩.০০	২৯০.০০	৩০২.০০
জুন	২৯৭.০০	৩৭১.০০	২৯৬.০০	৩৬৩.৫০
জুলাই	৩৭১.৭৫	৩৯৫.০০	৩২১.০০	৩৩২.৭৫
আগস্ট	৩৩২.০০	৩৪৯.৭৫	৩২০.০০	৩৩৬.৭৫
সেপ্টেম্বর	৩৩০.৭৫	৩৪৫.০০	৩২৬.০০	৩৩৫.৫০
অক্টোবর	৩৩৫.৭৫	৪১০.০০	৩৩১.৫০	৩৮৯.২৫
নভেম্বর	৩৯৩.৭৫	৫১৭.০০	৩৮৫.০০	৪৯১.২৫
ডিসেম্বর	৫২৭.৭৫	৫৬০.০০	৪৬৬.৫০	৫৩৬.২৫

### ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস বিভাগের কার্যক্রম

আল্লাহর আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ ঢাকা স্টক এক্সচেঞ্জে একজন কর্পোরেট সদস্য। এর সদস্য নং ২৩৪। ব্যাংকটি এসইসি'র ব্রোকার এবং ডিলার নিবন্ধন সনদ লাভ করে গত ১৫ই জানুয়ারী ২০০৯ইং তারিখ হতে কার্যক্রম শুরু করেছে। এ কার্যক্রমগুলোর মধ্যে রয়েছে :

(ক) ডিএসই তে শেয়ার লেনদেন, (খ) গ্রাহককে শেয়ার ক্রয়ে বাইনুয়া জেজল পদ্ধতিতে মার্জিন সুবিধা প্রদান, (গ) ফুলসার্ভিস ডিপজিটরী পার্টসিপেট হিসেবে সিডিবিএল সেবা প্রদান, (ঘ) ডিসক্রিশনারী হিসাবের মাধ্যমে গ্রাহক সেবা প্রদান।

শুরু থেকে এর সেবা গ্রাহকদের সন্তুষ্টি অর্জনে সমর্থ হয়েছে। যার ফলে লেনদেনের প্রথমদিন থেকেই ব্যাংকটি ডিএসই'তে লেনদেনের ভিত্তিতে Most Active 20 Members তালিকায় স্থান করে নিতে সমর্থ হয়েছে। ডিসেম্বর ২০০৯ এ এর অবস্থান ছিল ৫ম। শুরুতে এর কার্যক্রম প্রধান কার্যালয় হতে পরিচালিত হলেও দিন দিন গ্রাহক চাহিদা বৃদ্ধির প্রেক্ষিতে বাংলাদেশের বিভিন্ন স্থানে এর শাখা অফিস খোলার পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। এর অংশ হিসাবে সম্প্রতি খুলনা ও সিলেট এর শাখা কার্যক্রম শুরু হয়েছে। অন্যান্য শাখা অফিসও অচিরেই খোলা হচ্ছে। ইতোমধ্যে ব্যাংকটি

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের সদস্যপদও লাভ করেছে এবং অচিরেই এটি সিএসই'তে তার কার্যক্রম শুরু করবে।

### অগ্রগতি পর্যালোচনা

চলতি বছরের শেষে মোট আমানতকারীর সংখ্যা দাঁড়ায় ৪১৮,১৮৮ এবং আমানতের পরিমাণ দাঁড়ায় ৩৮,৩৫৫.৫০ মিলিয়ন টাকা। মোট বিনিয়োগ গ্রাহকের সংখ্যা দাঁড়ায় ২৪,০২৬ এবং মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ৩৬,১৩৪.০৮ মিলিয়ন টাকা।

২০০৯ সালে মোট আয় হয়েছে ৫,৩০৫.৬৩ মিলিয়ন টাকা এবং মোট ব্যয় নির্বাহ হয়েছে ৩,৫৭৫.৮০ মিলিয়ন টাকা। ২০০৯ সালের শেষে সঞ্চিতি ও করপূর্ব মুনাফা অর্জিত হয়েছে ১,৭২৯.৮৩ মিলিয়ন টাকা।

### মূলধন পর্যাণ্ডতা এবং সংরক্ষিত তহবিল

বিআরপিডি সার্কুলার অনুসারে ২০১১ সালের আগস্ট মাসের মধ্যে ব্যাংককে ৪,০০০ মিলিয়ন টাকা মূলধন ও সংরক্ষিত তহবিল হিসাবে সংরক্ষণ করতে হবে। সে লক্ষ্যে ব্যাংক ২০০৯ সালে ৩০% স্টক লভ্যাংশ প্রদান করে। ২০০৮ সালের মূলধন ও সংরক্ষিত তহবিল ৩,০৪৯.৩৪ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি করে ২০০৯ সালে ৪,০৬৫.৯৬ মিলিয়ন টাকায় উন্নীত করেছে। ফলে ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে ব্যাংকের পরিশোধিত মূলধন হয়েছে ১,৭৯৮.৯৫ মিলিয়ন টাকা।

মোট সঞ্চিতির পরিমাণ ২০০৮ সালের ৯০৫.৩৩ মিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে এ বছর ১,২২৩.১৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এক্ষেত্রে ৩৭.৯০% প্রবৃদ্ধি অর্জিত হয়েছে।

বাংলাদেশ ব্যাংক ২০০০ মিলিয়ন টাকা অথবা মোট ঝুঁকি ভারিত সম্পদের ১০% এর মধ্যে বড়টিকে মূলধন পর্যাণ্ডতা হিসাবে নির্ধারণ করেছে।


৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে ব্যাংকের মূলধন পর্যাণ্ডতার উপাদানসমূহ নিম্নরূপঃ

ক) কোর ক্যাপিটাল (স্বল্প১)	মিলিয়ন টাকা
পরিশোধিত মূলধন	১,৭৯৮.৯৫
সংবিধিবদ্ধ সঞ্চিতি	১,১৫৬.৫২
পূঁজিভূত আয়	৫৪২.৬০
<b>মোট কোর ক্যাপিটাল</b>	<b>৩,৪৯৮.০৭</b>
খ) সম্পূরক মূলধন (স্বল্প২)	
অশ্রেণীকৃত বিনিয়োগের বিপরীতে রক্ষিত সঞ্চিতি	৫৩৩.৫৩
বৈদেশিক মুদ্রা সমতাকরণ তহবিল	২.০৬
সম্পদ পুনর্বল্যায়ন সঞ্চিতি	৩২.৩০
<b>মোট সম্পূরক মূলধন</b>	<b>৫৬৭.৮৯</b>
<b>মোট মূলধন (ক+খ)</b>	<b>৪,০৬৫.৯৬</b>
গ) মূলধন পর্যাণ্ডতা অনুপাত	১১.২৫%

### আমানত

ব্যাংক ২০০৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট ৩৮,৩৫৫.৫০ মিলিয়ন টাকা আমানত সংগ্রহ করেছে যা ২০০৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে ছিল ২৯,৬৯০.১২ মিলিয়ন টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধির হার ২৯.১৯%। এই আমানতের মধ্যে ব্যাংক আমানত ৫১৮.০০ মিলিয়ন টাকা এবং জনসাধারণের আমানত ৩৭,৮৩৭.৫০ মিলিয়ন টাকা। আশা করা যায় প্রতিযোগিতামূলক মুনাফার হার এবং স্বল্পমূল্যে তহবিল সংগ্রহের কৌশল অবলম্বনের মাধ্যমে

### Total Assets (In million Taka)



তুলনামূলকভাবে ভালো বিস্মৃতি ও পরিমিত মুনাফা হারে বিনিয়োগ নিশ্চিতকরণ সম্ভব হবে।


৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে ব্যাংকের আমানত মিশ্রণ ছিল নিম্নরূপ :

#### আমানত মিশ্রণ ২০০৯

আমানতসমূহ	মিলিয়ন টাকা
ক) আলওয়াদিয়া চলতি হিসাব	৪৭০১.৪১
খ) মুদারাবা সংরক্ষিত আমানত	৫,৪৮৯.২৪
গ) অন্যান্য মুদারাবা আমানত	৮,৪৫৪.৯১
ঘ) মুদারাবা মেয়াদী আমানত	১৯,২০৫.১৪
ঙ) প্রদেয় বিল	৫০৪.৮০
<b>মোট</b>	<b>৩৮,৩৫৫.৫০</b>

বিনিয়োগ


### Shareholders Equity (In million Taka)



২০০৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যাংকের মোট বিনিয়োগের পরিমাণ হয়েছে ৩৬,১৩৪.০৮ মিলিয়ন টাকা যা পূর্ববর্তী বছরে ছিল ২৭,৭৪২.৫৭ (Net off PR) মিলিয়ন টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে ৩০.২৫%। ব্যাংকের বিতরণকৃত বিনিয়োগ বিবিধমুখী যা তৈরী পোষাক শিল্প, বস্ত্রশিল্প, ভোজ্যতেল, জাহাজ ভাঙা, ইস্পাত ও প্রকৌশল শিল্প, ঔষধশিল্প, সিমেন্ট, টেলিযোগাযোগ, নির্মাণ, স্বাস্থ্য সেবা, রিয়েল এস্টেট, শিক্ষা, পরিবহন এবং গৃহস্থালী পণ্য শ্রমের জন্য ভোক্তা বিনিয়োগ প্রকল্পসহ বিভিন্ন খাতে বিতরণ করা হয়।

বিতরণকৃত বিনিয়োগ আদায়ের হার বৃদ্ধির জন্য আমরা প্রচেষ্টা অব্যাহত রেখেছি এবং শ্রেণীকৃত বিনিয়োগকে স্মার্ট বিনিয়োগে রূপান্তরিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছি। ফলশ্রুতিতে ব্যাংকের শ্রেণীকৃত বিনিয়োগের


### Deposit Growth (In million Taka)



পরিমাণ জাতীয় গড় হারের তুলনায় উল্লেখযোগ্য হারে নিম্নস্বরে বজায় রাখা সম্ভব হয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখের পরিসংখ্যান অনুযায়ী শ্রেণীকৃত বিনিয়োগের হার ১.৬৮%। ব্যাংক ঝুঁকিপূর্ণ সম্পদের গুণগতমান সংরক্ষণের উপর অত্যধিক গুরুত্ব দিয়ে থাকে এবং বিনিয়োগ প্রস্ফাব বিবেচনার সময় যথাযথভাবে ঝুঁকি বিশ্লেষণ করে থাকে।

#### খাতওয়ারী বিনিয়োগ ২০০৯


খাতসমূহ	মিলিয়ন টাকা
ক) কৃষি, মৎস্য ও বনায়ন	৫৬৮.৪০



খ) শিল্প	১০,২৭৭.০৩
গ) নির্মাণ	১,৮১২.৮৬

ঘ) পানি ও স্বাস্থ্য সেবা	৯.২৭
ঙ) পরিবহন ও যোগাযোগ	১,২০৫.৭৬
চ) মজুদ	১০.৯৯
ছ) ব্যবসায়	২০,৮৮৪.৪৬

### Investment Growth (In million Taka)




জ) অন্যান্য	৬৬৪.২৫
মোট (প্রাপ্য মুনাফাসহ)	৩৮,৪৬৬.০৩

### ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানে বিনিয়োগ

ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানসমূহের যথাযথ বিকাশ এবং এর দ্রুত অগ্রগতি নিশ্চিত করতে ব্যাংকে সংক্রান্ত বেস কয়েকটি স্কিম চালু রয়েছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত একক সংজ্ঞার আলোকে শিল্প, ব্যবসা, সেবা এ তিনটি খাতেই এ ধরনের বিনিয়োগ প্রাধান্য পাচ্ছে। ডিসেম্বর'০৯ পর্যন্ত ব্যাংকে এসএমই বিনিয়োগের পরিমাণ ৯০০.৫৭ কোটি টাকা, যা মোট বিনিয়োগের প্রায় ২০.৪১%। এছাড়া, এসএমই খাতের বিনিয়োগ প্রবাহ ত্বরান্বিত করা এবং ব্যাংকিং সুবিধাবঞ্চিত একটি বৃহৎ অংশকে ব্যাংকিং সেবার আওতায় আনার লক্ষ্যে 'স্মল এন্টারপ্রাইজ ইনভেস্টমেন্ট স্কিম (এসইআইএস)' চালু করা হয়েছে। এ স্কিমের মাধ্যমে জামানতবিহীন এসএমই বিনিয়োগ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ব্যাংকের মোট ৬০টি শাখার মধ্যে ৩৬টি শাখা জামানতবিহীন বিনিয়োগ সেবার আওতাভুক্ত হয়েছে। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত এর গ্রাহক সংখ্যা চারশত উনআশি (৪৭৯) জন এবং বিনিয়োগের পরিমাণ ১০.৬৬ কোটি টাকা। জামানতবিহীন এসএমই বিনিয়োগের যথাযথ সম্প্রসারণ নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংকের বিভিন্ন শাখায় দক্ষ ও অভিজ্ঞ জনবল পদায়ন হয়েছে। এসএমই বিনিয়োগের ক্ষেত্রে অঞ্চলভিত্তিক পদ্ধতিকেও বিশেষভাবে গুরুত্ব দেওয়া হচ্ছে। ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখ পর্যন্ত এতদৃ বিষয়ের পরিসংখ্যান নিম্নরূপ :

Particulars	Status
Total SME Investment	Tk. 9005.78 Million
Terms & Conditions	Stipulated by the Bank
SEIS Investment	Tk. 106.65 Million
Minimum Investment	Tk. 50,000.00



Maximum Investment	Tk. 500,000.00
Number of Clients	479 Persons
Number of (under the scheme) Branches	36
Rate of Profit	09%
Supervision Fee	01%
Maximum Duration	2 years
Repayment system	Monthly Installment
Recovery Rate	99.30%
Terms & Conditions	Soft

### গ্রামীণ ক্ষুদ্র বিনিয়োগ প্রকল্প (মাইক্রোফাইন্যান্স)

গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে 'গ্রামীণ ক্ষুদ্র বিনিয়োগ প্রকল্প (জিএসআইএস)' নামে ব্যাংকে একটি প্রকল্প ২০০১ সাল হতে চালু রয়েছে। বর্তমানে ব্যাংকের ষোলটি (১৬) শাখা এই কার্যক্রমের আওতাভুক্ত হয়েছে এবং পর্যায়ক্রমে তা সম্প্রসারিত হচ্ছে। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত মোট তিন হাজার ছয়শত দশ (৩৬১০) জন গ্রাহকের মাঝে বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ডে টাকা ৭৮৬.৫৫ লক্ষ বিনিয়োগ করা হয়েছে। গ্রুপ ও সমিতি ভিত্তিক পরিচালিত এ প্রকল্পের মাধ্যমে গ্রামীণ কৃষিজীবী, মৎস্যজীবী ক্ষুদ্র ব্যবসায়ী এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থসামাজিক উন্নয়নে ব্যাংক বিশেষ অবদান রাখছে। প্রকল্পের আরেকটি বিশেষ উদ্দেশ্য হলো অগ্রাধিকারভিত্তিতে গ্রামীণ নারী উদ্যোক্তাদের অর্থনৈতিকভাবে সাবলম্বী করা। প্রকল্পের আওতায় বিনিয়োগ গ্রহণের জন্য কোন সহায়ক জামানত প্রয়োজন হয় না। বিনিয়োগ পরিশোধ পদ্ধতি সাপ্তাহিক কিস্তি ভিত্তিক। প্রকল্পটি এক ধরনের তদারকী বিনিয়োগ ব্যবস্থা এবং এর সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন তদারকী নিশ্চিত করার জন্য কার্যক্রমভুক্ত শাখাসমূহে দক্ষ জনবল পদায়ন রয়েছে। ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখ পর্যন্ত এতদৃ বিষয়ের পরিসংখ্যান নিম্নরূপ :

Particulars	Status
<b>Small &amp; Medium Enterprise</b>	
Total Investment	Tk. 78.65 Million
Savings by the Clients	Tk. 8.07 Million
Minimum Investment	Tk. 5000.00
Maximum Investment	Tk. 30,000.00
Number of Clients	3610 Persons
Number of Branches under the scheme	16
Number of Samity	217

Number of Group	766
Rate of Profit	10%
Repayment system	Weekly Installment
Recovery Rate	99.85%
Number of Villages Covered	282
Terms & Conditions	Soft

### কৃষি খাতে বিনিয়োগ

দেশের ক্রমবর্ধমান খাদ্য ঘাটতি মোকাবেলায় ব্যাংকে কৃষি খাতে বিনিয়োগের ক্ষেত্রে যথেষ্ট গুরুত্বারোপ করা হচ্ছে। কৃষি বিনিয়োগের প্রধান খাতসমূহ হলো ফসল, মৎস্য চাষ, শস্য গুদাম, দারিদ্র্য বিমোচন, সেচ যন্ত্রপাতি, পশুসম্পদ উন্নয়ন ইত্যাদি। ডিসেম্বর ২০০৯ পর্যন্ত মোট কৃষি বিনিয়োগের পরিমাণ টাকা ৪২৬০.১৯ লক্ষ। কৃষি বিনিয়োগের ক্ষেত্রে সহায়ক জামানতযুক্ত ও সহায়ক জামানতবিহীন উভয় প্রক্রিয়াই কার্যকর রয়েছে। ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখ পর্যন্ত এতদ্ বিষয়ের পরিসংখ্যান নিম্নরূপঃ

Particulars	Status
<b>Agricultural Investment</b>	
Development of Livestock	Tk.331.51 Million
Fisheries	Tk. 49.60 Million
Poverty alleviation	Tk. 23.16 Million
Maximum Investment	Tk. 30,000.00
Warehouse of corps	Tk. 15.34 Million
Crops	Tk. 4.16 Million
Irrigation	Tk. 0.30 Million
Agricultural Machineries	Tk. 0.36 Million
Other	Tk. 1.59 Million
Number of Clients	2768 Persons
Rate of Profit	10%-13%
Recovery Rate	99.08%
Terms & Conditions	Stipulated by the Bank

### কৃষি/পল্লী বিনিয়োগ

প্রাথমিক পর্যায়ের কৃষক এবং বর্গাচাষীদের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে 'কৃষি/পল্লী বিনিয়োগ প্রকল্প' নামে একটি কৃষিভিত্তিক বিনিয়োগ প্রকল্প চালু করা হয়েছে। দেশের আভ্যন্তরীণ খাদ্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে প্রকৃত কৃষক পরিবারগুলোর আর্থসামাজিক উন্নয়নই এ প্রকল্পের মূল উদ্দেশ্য। অঞ্চলভিত্তিক কৃষি উন্নয়নের পথকে সম্প্রসারিত করতে ব্যাংকের গ্রামীণ শাখাসমূহের কার্যক্রমভুক্ত এলাকায় মডেল গ্রাম ঘোষণা করা হচ্ছে। ব্যাংক কর্তৃক ঘোষিত এমন মডেল গ্রামের সংখ্যা ০৫ (পাঁচ)টি। ইতোমধ্যে তিনশত ছত্রিশ (৩৩৬) জন কৃষককে কৃষি/পল্লী বিনিয়োগ প্রকল্পের আওতায় তালিকাভুক্ত করা হয়েছে এবং তাদের মাঝে মোট বিনিয়োগের পরিমাণ টাকা ৫৬.৬২ লক্ষ। এর মধ্যে ছেয়টি (৬৬) জন কৃষকের মাঝে টাকা ১৮.৯৭ লক্ষ আনুষ্ঠানিকভাবে প্রকাশ্যে কৃষি বিনিয়োগ করা হয়েছে। বিনিয়োগের পরিমানের উপরে ভিত্তি করে তালিকাভুক্ত কৃষকদেরকে গ্রীন, সিলভার ও গোল্ডেন এই তিন ধরনের কৃষক পরিচয়পত্র প্রদান করা হয়। ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখ পর্যন্ত এতদ্ বিষয়ের পরিসংখ্যান নিম্নরূপঃ

Particulars	Status
<b>Agricultural Investment</b>	
Minimum Investment	Tk. 5000.00
Maximum Investment	Tk. 100,000.00
Number of Clients	336 Persons
No. of Branches under the scheme	12
Number of Samity	27
Number of Group	66
Rate of Profit	10%
Repayment system	Monthly/Weekly Installment
Recovery Rate	100%
Number of Villages Covered	33
Terms & Conditions	Stipulated by the Bank

### এসএমই ও মাইক্রোফাইন্যান্স এর আওতায় নারী উদ্যোক্তাদের মাঝে বিনিয়োগ

দেশের নারী উদ্যোক্তাদেরকে অর্থনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত করে উপার্জনক্ষম করার লক্ষ্যে আলআরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড কাজ করছে। এসএমই এর আওতায় বিভিন্ন উৎপাদনশীল খাতে বিনিয়োগের ক্ষেত্রে নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়া হচ্ছে। নারী উন্নয়নে সহায়ক জামানতযুক্ত বিনিয়োগের পাশাপাশি সহায়ক জামানতবিহীন বিনিয়োগের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হয়। ৩১ ডিসেম্বর, ২০১০ তারিখ পর্যন্ত এতদ্ বিষয়ের পরিসংখ্যান নিম্নরূপঃ

Particulars	Status
<b>Women Entrepreneur Investment</b>	
Investment Portfolio	Tk. 101.20 Million
Terms & Conditions	Stipulated by the Bank
<b>SEIS (Women Entrepreneur)</b>	
Investment Portfolio	Tk. 01.85 Million
Number of Clients	06 Persons
Rate of Profit	9%
Maximum Duration	2 years
Repayment system	Monthly Installment
Recovery Rate	100%
Terms & Conditions	Soft
<b>Microfinance (Women Entrepreneur)</b>	
Investment Portfolio	Tk. 40.53 Million
Number of Clients	2814 Persons
Rate of Return	10%
Recovery Rate	100%

### ট্রেজারি অপারেশন

আলআরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড ট্রেজারি স্থানীয় ও বৈদেশিক মুদ্রা বাজারে ইসলামী শরীয়াহ নীতিমালা এবং বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে লেনদেন সম্পাদন করছে। ব্যাংকের ট্রেজারি অন্যতম প্রধান ব্যাংকিং ব্যবসা ইউনিট এবং গুরুত্বপূর্ণ আয় উপার্জনকারী বিভাগ হিসাবে পরিগণিত। স্থানীয় ট্রেজারি দেশীয় মুদ্রা বাজারে সিআরআর ও এসএলআর ব্যবস্থাপনাধীনে



অভ্যন্তরীণ বিনিয়োগ বিতরণ ও আমানত প্রবাহের মধ্যে সমন্বয় বিধান করে থাকে। কিন্তু শরীয়াহ নীতিমালা পরিপালনার্থে স্থানীয় ট্রেজারী কলমানি মার্কেটে লেনদেন কার্যে অংশগ্রহণ করে না।

রয়টার্স, অর্থনৈতিক টিভি চ্যানেল, আলাপন সংরক্ষন যন্ত্র এবং প্রশিক্ষিত ডিলার সমন্বয়ে সুসজ্জিত ডিলিংরুমের মাধ্যমে বৈদেশিক ট্রেজারী আন্তর্জাতিক মুদ্রা বাজারে লেনদেন করে থাকে। এই ট্রেজারী শরীয়াহ নীতিমালা পরিপালনার্থে ভবিষ্যৎ অনুমান নির্ভর কোন লেনদেন করে না।

তবে আমদানীকারক গ্রাহকদের আমদানী মূল্য পরিশোধের প্রয়োজনে রপ্তানী বিল ক্রেয় এবং প্রবাসীদের রেমিটেন্স সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রা লেনদেন কার্যক্রম পরিচালনা করে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত সীমার মধ্যে থেকে বৈদেশিক মুদ্রা লেনদেন কার্যক্রম পরিচালনার জন্য অত্র ট্রেজারী বিশেষ সতর্কতা অবলম্বন করে থাকে।

ইন্টারনেট ব্যাংকিং এবং আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে ব্যাংকটি ইহার অবকাঠামোগত অবস্থার আধুনিকায়নে সক্ষম হয়েছে। এর মাধ্যমে ব্যাংক ট্রেজারী আলোচ্য বছরে বৈদেশিক বাণিজ্য ও স্থানীয় মুদ্রাবাজারে লেনদেনের মাধ্যমে ৪৪৫.৯০ মিলিয়ন টাকা আয় করেছে।

পরিকল্পনা অনুযায়ী যত শীঘ্র সম্ভব ব্যাংকের ট্রেজারী মুদ্রা বাজারে নতুন শ্রেণীভিত্তিক এর প্রচলন করে সর্বোচ্চ সামর্থ্যে লক্ষ্যে পৌঁছার প্রত্যাশা করছে।

#### আন্তর্জাতিক বাণিজ্য

আমাদের ব্যাংকের বৈদেশিক বাণিজ্য একটি অতি গুরুত্বপূর্ণ প্রধান সেবা হিসাবে বিবেচিত। ২০০৯ সালে মোট বৈদেশিক বাণিজ্যের পরিমাণ (রপ্তানি, আমদানি এবং রেমিটেন্স) ৬০,৪৫৩.১৮ মিলিয়ন টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধির হার ৮.৮৫%। ২০০৮ সালের রপ্তানি আয় ২০,১৭৬.৬৪ মিলিয়ন টাকা থেকে ১৬.৭০% বৃদ্ধি পেয়ে ২০০৯ সালে হয়েছে ২৩,৫৪৬.১০ মিলিয়ন টাকা। অনুরূপভাবে আমদানীর ক্ষেত্রে ২০০৮ সালের ৩২,৬৮৫.১৩ মিলিয়ন টাকা থেকে ৪.২৫% বৃদ্ধি পেয়ে ২০০৯ সালে ৩৪,০৭৪.৮০ মিলিয়ন টাকা দাঁড়িয়েছে। অত্র ব্যাংকের মাধ্যমে ২০০৯ সালে ২,৮৩২.২৮ মিলিয়ন টাকা রেমিটেন্স সংগৃহীত হয়েছে যা বিগত বছরে ছিল ২,৬৭২.০৪ মিলিয়ন টাকা।

#### আয়

**বিনিয়োগ আয় :** ২০০৯ সালে বিনিয়োগ প্রসূত আয় হয়েছে ৪,০০৪.৫৪ মিলিয়ন টাকা যা বিগত বছরের তুলনায় ১৫.৮৬% বেশি। বিনিয়োগ আয় মোট আয় ৫,৩০৫.৬৩ মিলিয়ন টাকা এর ৭৫.৪৮%।

**বিনিয়োগ বহির্ভূত কার্যক্রম থেকে আয় :** এ বছর ব্যাংক বিনিয়োগ বহির্ভূত কার্যক্রম থেকে ১,৩০১.১০ মিলিয়ন টাকা মুনাফা অর্জন করেছে যা মোট আয়ের ২৪.৫২%। এক্ষেত্রে ২০০৮ সালের তুলনায় ৩৮.৮৯% প্রবৃদ্ধি সূচিত হয়েছে।

#### ব্যয়

**আমানতকারীগণকে প্রদত্ত মুনাফা :** আলোচ্য বছরে ব্যাংক আমানতকারীদেরকে ২,৬৬৭.৩৪ মিলিয়ন টাকা প্রদান করেছে যা বিনিয়োগ আয়ের ৬৬.৬১% এবং মোট ব্যয়ের ৭৪.৫৯%। এক্ষেত্রে ২০০৮ সালের তুলনায় ২০.১৩% প্রবৃদ্ধি সূচিত হয়েছে।

**ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত প্রকল্প :** ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত প্রকল্পের তালিকা নিম্নের ছকে প্রদর্শিত হলো:

নং আমানতের প্রকারভেদ

১. মুদারাবা মেয়াদী আমানত

(ক) ৩৬ মাস মেয়াদী

(খ) ২৪ মাস মেয়াদী

(গ) ১২ মাস মেয়াদী

(ঘ) ০৬ মাস মেয়াদী


(ঙ) ০৩ মাস মেয়াদী

২. মুদারাবা সঞ্চয়ী আমানত

৩. মুদারাবা শর্ট নোটিশ ডিপোজিট

৪. মাসিক হজ্জ ডিপোজিট

### Total Import & Export (In million Taka)




৫. মাসিক কিস্তিভিত্তিক মেয়াদী আমানত (আইটিডি)

৬. মাসিক মুনাফাভিত্তিক মেয়াদী আমানত (পিটিডি)

৭. মাসিক সঞ্চয় বিনিয়োগ আমানত (এসআইডি)

৮. এককালীন হজ্জ ডিপোজিট

### Total Income & Expenditure (In million Taka)



৯. (ক) আল আরাফাহ সেভিংস বন্ড (৩ বৎসর)  
 (খ) আল আরাফাহ সেভিংস বন্ড (৫ বৎসর)  
 (গ) আল আরাফাহ সেভিংস বন্ড (৮ বৎসর)
১০. বিবাহ সঞ্চয় ও বিনিয়োগ স্কীম (এমএসআইএস)
১১. পেনশন ভোগী জমা প্রকল্প
১২. বিশেষ সঞ্চয় (পেনশন) স্কীম
১৩. ক্যাশ ওয়াকফ
১৪. লাখপতি আমানত প্রকল্প
১৫. কোটিপতি আমানত প্রকল্প
১৬. মিলিয়নিয়ার আমানত প্রকল্প
১৭. দ্বিগুন বৃদ্ধি আমানত প্রকল্প
১৮. তিনগুন বৃদ্ধি আমানত প্রকল্প
১৯. প্রবাসী কল্যাণ ডিপোজিট পেনশন স্কীম

**প্রশাসনিক ও অন্যান্য ব্যয়:** আলোচ্য বছরে প্রশাসনিক ও অন্যান্য ব্যয় হয়েছে ৯০৮.৪৭ মিলিয়ন টাকা যা ২০০৮ সালের তুলনায় ৪০.৯৪% বেশি। ইহা মোট ব্যয়ের ২৫.৪১%।

#### পরিচালন মুনাফা

২০০৯ সালে ব্যাংক ১,৭২৯.৮৩ মিলিয়ন টাকা পরিচালন মুনাফা অর্থাৎ শ্রেণীকৃত এবং অশ্রেণীকৃত বিনিয়োগের বিপরীতে সঞ্চিতি সংরক্ষণের পূর্বে এই মুনাফা অর্জন করেছে। ২০০৮ সালে করপূর্ব এই মুনাফার পরিমাণ ছিল ১,৫২৮.১০ মিলিয়ন টাকা। অর্থাৎ এক্ষেত্রে প্রবৃদ্ধি সাধিত হয়েছে ১৩.২০%। এ বছর করের জন্য সঞ্চিতি রাখা হয়েছে ৭৩০.২৫ মিলিয়ন টাকা এবং বচনযোগ্য মুনাফা রয়েছে ৮৬০.৪৪ মিলিয়ন টাকা।

#### লভ্যাংশ

ব্যাংক ১৯৯৮ সালে পাবলিক লিমিটেড কোম্পানী হওয়ার পর থেকে এ পর্ষদ লভ্যাংশ প্রদান করে আসছে। তালিকাতে এ ঐতিহাসিক ধারা প্রদর্শিত হয়েছে। পরিচালনা পর্ষদ ২০০৯ সালে ৩০% লভ্যাংশ (স্টক) প্রস্তাব করছে।


সাল	লভ্যাংশ %
১৯৯৯	১২% নগদ
২০০০	১২% নগদ
২০০১	৭.৫% নগদ
২০০২	২০% বোনাস
২০০৩	১৬% বোনাস
২০০৪	১৫.৫০% বোনাস
২০০৫	২৬% বোনাস
২০০৬	৩৫% বোনাস
২০০৭	২০% বোনাস
২০০৮	৩০% বোনাস
২০০৯	৩০% বোনাস

#### তথ্য ও প্রযুক্তি

আলআরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড তার সকল ব্যাংকিং কার্যক্রম অটোমেটেড করে সাধারণ মানুষের ব্যাংকিং চাহিদা পূরণ করতে ব্যাংক সার্ভিস এবং কারিগরি দিক থেকে শীর্ষস্থান অর্জন করতে বদ্ধপরিকর। এই নতুন শতাব্দীতে ব্যাংক শরীয়াহ নীতি এবং আদর্শকে ঠিক রেখে আধুনিক প্রযুক্তির সমন্বয় ঘটিয়ে তার লক্ষ্য অর্জন করতে দৃঢ় প্রতিজ্ঞ।

আল আরাফাহ ইসলামী ব্যাংক অনলাইন ব্যাংকিং অপারেশনের ক্ষেত্রে একটি নতুন মাত্রা যোগ করে যা দেশী বিদেশী ব্যাংকের সাথে তাল মিলাতে

#### Operating Profit (In million Taka)



সক্ষম। যে কোন অর্থলব্ধিকারী প্রতিষ্ঠানের সেবা প্রদানের ক্ষেত্রে আধুনিক টেকনোলজি সময়ের চাহিদা। বিশ্বব্যাপী ব্যাংকিং পণ্যের পরিচিতি ও প্রসারের জন্যে সাথে সাথে সম্ভাব্য দেশী ও বিদেশী গ্রাহকদের তাৎক্ষনিক এবং কার্যকরী সেবা প্রদান করতে ব্যাংকের সকল শাখায় Real time Online ব্যাংকিং সেবা চালু করা হয়েছে।


দিনে দিনে গ্রাহক এবং ব্যাংকিং প্রতিষ্ঠানগুলোর মাঝে Online ব্যাংকিং জনপ্রিয়তা ও বিশ্বস্ততা অর্জন করেছে। গ্রাহকগণ Online সেবা যেমনঃ অনলাইন ই-একাউন্ট ইনফরমেশন দেখা, যে কোন একাউন্টে তাৎক্ষনিকভাবে টাকা ট্রান্সফার এবং Utility বিল প্রদান ইত্যাদি সেবা যে কোন সময় যে কোন জায়গা থেকে গ্রহণ করতে সক্ষম।

ব্যাংকিং সার্ভিসসমূহকে আরও সহজভাবে গ্রাহকদের দ্বারপ্রান্তে পৌঁছাতে ব্যাংকের Strategy অনুযায়ী আলআরাফাহ ইসলামী ব্যাংক লিঃ তাদের গ্রাহক সেবা আরও উন্নত করার লক্ষ্যে নিম্নবর্ণিত সেবাসমূহ শ্রীষ্মই চালু করতে যাচ্ছে।

- (১) ATM
- (২) Internet Banking
- (৩) SMS Banking
- (৪) Online Utility Bill প্রদান

কেন্দ্রীয় ব্যাংক ইতিমধ্যে আলআরাফাহ ইসলামী ব্যাংক লিঃ কে দেশের শীর্ষস্থানীয় কয়েকটি ব্যাংকের সাথে তাদের Automated Clearing House এর Pilot Project এ সম্পৃক্ত করেছে, যা সত্যই গর্বের বিষয়। এছাড়াও আলআরাফাহ ইসলামী ব্যাংক লিঃ দেশে প্রথমবারের মতো

## Dividend (%)



বেসরকারীভাবে সংস্থাপনযোগ্য Automated Clearing House এর Eldorado Project এর অন্যতম উদ্যোক্তা সদস্য।

সমসাময়িক ব্যাংকগুলোর তুলনায় আলআরাফাহ ইসলামী ব্যাংক লিঃ খুব স্বল্প সময়ে অনলাইন ব্যাংকিং সেবা গ্রাহকদের দ্বারা প্রাপ্য নিয়ে যেতে সক্ষম হয়েছে।

## নিরীক্ষা ও পরিদর্শন

২০০৯ সালে ব্যাংকের শাখাসমূহে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শক দল এবং অভ্যন্তরীণ পরিদর্শক দল কর্তৃক পরিদর্শন কার্যক্রম পরিচালিত হয়েছে। পরিদর্শক দলের প্রতিবেদনসমূহ বোর্ডের নিরীক্ষা কমিটির সভায় উপস্থাপিত ও আলোচিত হয় এবং ভবিষ্যতে ত্রুটির পুনরাবৃত্তি রোধকল্পে কমিটির সুপারিশ অনুযায়ী সংশোধনমূলক ব্যবস্থা নেয়া হয়। কেন্দ্রীয় ব্যাংকের দিক নির্দেশনা অনুযায়ী ব্যাংকের শাখাসমূহের কার্যক্রম নিয়ন্ত্রণ এবং বিনিয়োগকৃত সম্পদের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন নীতিমালার আলোকে ব্যাংকের শাখাসমূহের রিস্ক গ্রেডিং অনুসারে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে পরিদর্শন কার্যক্রম পরিচালিত হয়।

## রেটিং রিপোর্ট

বাংলাদেশ ব্যাংকের বিধি মোতাবেক আমরা ড্রেডিট রেটিং এজেন্সি অব বাংলাদেশ কর্তৃক রেটিং করেছি। ২০০৮ সালে ব্যাংক স্বল্প মেয়াদে ST-2 এবং দীর্ঘ মেয়াদে A3 রেটিং প্রাপ্ত হয়েছে।

## মানব সম্পদ

মানব সম্পদ হচ্ছে আমাদের প্রধান সম্পদ। এটা শুধু যন্ত্র বা প্রযুক্তি নয় বরং মানুষ ও যন্ত্রের সমন্বিত প্রয়োগে এমন এক অমূল্য সম্পদ যা প্রযুক্তিকে কার্যকর করে। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, যন্ত্রের সামর্থ্য যেখানে সীমাবদ্ধ মানুষের সম্ভাবনা সেখানে অসীম। আমাদের মানব সম্পদের মূল বৈশিষ্ট্যসমূহ হলো কোম্পানী এবং এর গ্রাহকগণের প্রতি আনুগত্য, আরও অধিক জ্ঞান অর্থাৎ ও ধৈর্য এবং এটাকে কাজে পরিণত করার দৃঢ় অঙ্গীকার। ব্যাংক সর্বদা উচ্চ যোগ্যতাসম্পন্ন কর্মীদের পুরস্কৃত করে থাকে। ফলশ্রুতিতে আমাদের কর্মীবাহিনীর রয়েছে দৃঢ় মনোবল। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রায়ই কর্মীদের সাথে মিলিত হন এবং তাদের নতুন পরিকল্পনা ও পরামর্শ মনোযোগ দিয়ে শোনেন। ২০০৯ সন এবং পূর্ববর্তী বছরগুলোতে ব্যাংকের সাফল্যের মূলে রয়েছে আমাদের নিবেদিতপ্রাণ কর্মীবাহিনী।

ব্যাংকের মানব সম্পদ বিভাগের মূল দায়িত্ব হচ্ছে কর্মকর্তা/ কর্মচারী ও বিভিন্ন

প্রশাসনিক বিষয়ে নীতি প্রণয়ন। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে কর্মকর্তা কর্মচারী সম্পর্ক, নতুন কর্মী নিয়োগ, নতুন দায়িত্ব ও পদোন্নতির অনুক্রম, পরিকল্পনা, প্রশিক্ষণ, বিভিন্ন সুবিধাদি ও বেতনভাতা প্াদান এবং কর্মীদের সামাজিক নিরাপত্তা বিধান করা। দেশের সকল ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের বেতনভাতার সা থে তুলনামূলক বিশ্লেষণ করে বিগত বছর সকল স্মরের কর্মকর্তা/কর্মচারীদের বেতন কাঠামো পুনর্বিন্যাস করত বৃদ্ধি করা হয়। ব্যাংকের লক্ষ্য হচ্ছে সুযোগ্য কর্মীদের সংগ্রহ ও তা সংরক্ষণ করা।

মানব সম্পদ চাহিদা পূরণের জন্য ব্যাংক ২০০৯ সনে স্বচ্ছ নিয়োগ নীতির অধীনে ২৮২ জন নতুন কর্মী এবং ১৫ জন অভিজ্ঞ ব্যাংকার নিয়োগ দান করে। আধুনিক ব্যাংকিংএর নিতুনতুন কৌশল সম্পর্কে সম্যক জ্ঞান অর্জনের মাধ্যমে কর্মী বাহিনীর দক্ষতার উন্নতিকল্পে ব্যাংক আলোচ্য বছর ১০ জন কর্মীকে বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম)এ, ১০ জন কর্মীকে বাংলাদেশ ব্যাংক প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের জন্য প্রেরণ করে এবং দেশের বাইরে ৩ জন কর্মকর্তাকে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়। ২০০৯ সনের ৩১ ডিসেম্বর শেষে ব্যাংকের মোট জনশক্তি ছিল ১,২৯৬ জন। কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে ৬১ জন নির্বাহী, ১,১০০ জন কর্মকর্তা এবং ১৩২ জন অন্যান্য কর্মচারী। ব্যাংকের

পরিকল্পনা হচ্ছে বর্তমান শাখাসমূহ এবং ভবিষ্যতে যেসব শাখা খোলা হবে তাদের মধ্যে মানব সম্পদের সুষম বন্টনের মাধ্যমে শাখাপ্রতি জনবল যথাযথ করা। সামাজিক অঙ্গীকারের অংশ হিসাবে ব্যাংক ২০০৯ সনে বিভিন্ন বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের মোট ২০২জন শিক্ষার্থীকে ব্যাংকে ইন্টার্নশিপ করার সুযোগ দিয়েছে। ব্যাংক কার্যক্রমে গতি সঞ্চয়ের জন্য দক্ষ জনবল নিয়োগ প্রদান করেছে। ৩১ ডিসেম্বর ২০০৯ সালে ব্যবস্থাপনা পরিচালকসহ মোট জনবল ছিল ১,২৯৬ জন যা ২০০৮ সালে ছিল ১,০৮০ জন।

নং	পদ স্মর	সংখ্যা
১	নির্বাহী	৬১
২	কর্মকর্তা	১,১০০
৩	অন্যান্য	১৩২
	মোট	১,২৯৬

## প্রশিক্ষণ ও প্রশ্রণ

প্রশিক্ষণ মানব সম্পদ উন্নয়নের অন্যতম কার্যকর ও সর্বজনস্বীকৃত হাতিয়ার। আলআরাফাহ ইসলামী ব্যাংক ট্রেনিং এন্ড রিসার্চ একাডেমী প্রতিষ্ঠিত হওয়ার পর হতে শিক্ষানবিস অফিসার, সহকারী অফিসার, জুনিয়র অফিসার, শাখা ব্যবস্থাপক ও বিভিন্ন কর্মকর্তা এবং নির্বাহীদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। ট্রেনিং একাডেমী বছরের শুরুতেই প্রশিক্ষণ পরিকল্পনা গ্রহণ করে থাকে এবং একটি প্রশিক্ষণ বর্ষপঞ্জী প্রণয়ন করে যা ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত হয়। ঢাকায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার পাশাপাশি ঢাকার বাইরে প্রশিক্ষণ কোর্স, কর্মশালা, 'শাখায় বসে শেখা' (In-house training), ইত্যাদি পরিচালনা করে থাকে। প্রচলিত ব্যাংকিং বিষয়সহ ব্যাংকে প্রবর্তিত সমন্বয়যোগ্য নতুন ধারণা, পদ্ধতি ও প্রযুক্তির উপর প্রশিক্ষণ কোর্স/কর্মশালা প্রণয়ন ও পরিচালনা করা হয়। প্রশিক্ষণ কোর্সে বক্তৃতা পদ্ধতির পাশাপাশি আলোচনা, গুণভিত্তিক আলোচনা, ঘটনা সমীক্ষা, অনুশীলন, হাতেকল মে কাজ, সিমুলেশন প্রভৃতি পদ্ধতি অনুসরণ করা হয়। প্রশিক্ষার্থীদের সংশ্লিষ্ট হ্যান্ডআউট/সিডি সরবরাহ করা হয়। প্রশিক্ষণের কাজে আধুনিক ও উপযোগী প্রশিক্ষণউপকরণ তথা হোয়াইট বোর্ড, ফির্প চার্ট, পাওয়ার পয়েন্ট প্রজেক্টর প্রভৃতি ব্যবহার করা হয়। প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষার্থীদের জ্ঞান ও দক্ষতার বিষয়টি মূল্যায়নের জন্য প্রশিক্ষণপূর্ব ও প্রশিক্ষণোত্তর মূল্যায়ন গ্রহণ করা হয়। প্রশিক্ষার্থী মূল্যায়নের পাশাপাশি প্রশিক্ষক মূল্যায়নের জন্যও প্রশিক্ষার্থীদের নিকট হতে

গোপন মতামত গ্রহণ করার মাধ্যমে প্রশিক্ষণকে আরও কার্যকর করে তোলা হচেছ।

